গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০৬.২২-৮

তারিখ: ২৪ পৌষ ১৪২৯ / ০৮ জানুয়ারি ২০২৩

**বিষয়ঃ ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) এর সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

০৮.০১.২০২৩

মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন নং-২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: ড. মুনিরা বেগম, যুগ্মপ্রধান, দারিদ্র্য বিশ্লেষণ ও পরিবীক্ষণ অনুবিভাগ)।
২. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা [দৃ: আ: উপসচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা)।
৪. সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ।
৫. অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্মসচিব (ব্লু ইকোনোমি অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১২. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১৩. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৪. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৬. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৭. চিফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

*E:\Minutes (Nikosh)\Forwarding.doc*

## ০৪/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)-এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| তারিখ | : | ০৪/০১/২০২৩ খ্রিঃ। |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি ড. নাহিদ রশীদ এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সদস্য সচিব অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব শ্যামল চন্দ্র কর্মকারকে সভার আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভার সদস্য সচিব আলোচ্যসূচি সংক্ষিপ্তকারে বর্ণনা করে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট) কে নির্দেশনা দেন। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভায় জানান যে, বিগত ২৪/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব থাকলে উহা উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানান। এ প্রেক্ষিতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি-০২: ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন) অনুমোদনঃ**

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের বিষয়ে অর্থ বিভাগের জারিকৃত বাজেট পরিপত্রের নির্দেশনাসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি অর্থ বিভাগের জারিকৃত বাজেট পরিপত্রের আলোকে মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার সংশোধিত বাজেট প্রস্তাবনা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রস্তাবনার প্রেক্ষিতে সভাপতি অর্থ বিভাগের নির্দেশনা এবং বাস্তব চাহিদার আলোকে মতামত প্রদানের জন্য সদস্যগণকে অনুরোধ জানান।

সভায় উপস্থাপিত রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রস্তাবনায় মূল বাজেটের তুলনায় কম প্রস্তাব করার বিষয়ে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, প্রস্তাবিত আয়ের অতিরিক্ত লক্ষ্যমাত্রা ধার্য্য করায় চলতি বছরের সংশোধিত প্রস্তাব বিগত বছরের প্রকৃত আয়ের চেয়ে ৩৩৫.৫১ লক্ষ টাকা (৬.০১%) বেশি। এ সংক্রান্ত আলোচনায় মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বলেন যে, অর্থ বিভাগের নির্ধারিত সিলিং দপ্তর/সংস্থার মাঝে বিভাজন কালে বিগত অর্থবছরের তুলনায় এ অর্থবছরের লক্ষ্যমাত্রা কিছুটা বেশি নির্ধারণ করা হয়। রাজস্ব প্রাপ্তির বাস্তব সম্ভাবনা বিবেচনায় সংশোধিত প্রস্তাব করা হয়েছে, তবে চলতি বছরের সংশোধিত প্রস্তাব বিগত বছরের প্রকৃত আয়ের চেয়ে ৬২১.৩৫ লক্ষ টাকা (৩৩.৭০%) বেশি।

সামগ্রিক ভাবে মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রস্তাব, বিগত বছরের প্রকৃত আয়ের চেয়ে ৯৯১.৮২ লক্ষ টাকা (১৩.২৭%) বেশি। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিতগণ একমত পোষণ করেন:

**<u>২০২২-২৩ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন</u>**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | মূল বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট |
|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২২-২৩ |
| ১ | ২ | ৩ |
| সচিবালয় | ১১.০০ | ৮.৫০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৬৫.০০ | ৬৫.০০ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ |
| **মোট সচিবালয়** | **৮৬.০০** | **৮৩.৫০** |
| মৎস্য অধিদপ্তর | ২৭৯৩.০০ | ২৪৬৫.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২০ | ০.২০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৬৬১৪.৮০ | ৫৯১৭.৭৫ |
| **মোট** | **৯৪০৮.০০** | **৮৩৮২.৯৫** |
| **সর্বমোট** | **৯৪৯৪.০০** | **৮৪৬৬.৪৫** |

সভায় উপস্থাপিত পরিচালন বাজেটের সংশোধিত প্রস্তাবনা উপর আলোচনাকালে উপসচিব (বাজেট) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, মূল বাজেটের মধ্যে (পরিচালন ও উন্নয়ন) সীমাবদ্ধ থেকে বিভিন্ন অপারেশনাল ইউনিটের মধ্যে বরাদ্দ হ্রাস-বৃদ্ধি করার বিষয়ে বাজেট পরিপত্রে উল্লেখ থাকলেও বাস্তবে iBAS++ সিস্টেমে সংশ্লিষ্ট অপারেশনাল ইউনিটের বরাদ্দের অতিরিক্ত এন্ট্রি করা যাচ্ছে না মর্মে বিভিন্ন দপ্তর/সংস্থা হতে জানানো হয়েছে। এ প্রেক্ষিতে অর্থ বিভাগের উপসচিব, জনাব হোসেন আহমেদ সভায় জানান যে, iBAS++ সিস্টেমে এরূপ পরিবর্তন যোগ্য এন্ট্রিসমূহ অর্থ বিভাগ কর্তৃক সম্পন্ন করে দেয়া হবে। এ লক্ষ্যে প্রাতিষ্ঠানিক কোড, অর্থনৈতিক কোড, টাকার পরিমাণ ইত্যাদি তথ্য সম্বলিত তালিকা প্রস্তুত করে সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৩/১২/২০২২ খ্রিঃ তারিখের ১৭৪ সংখ্যক স্মারকে জারিকৃত বাজেট পরিপত্রে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসৃতব্য নীতিমালা ও পদ্ধতির আলোকে মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহে সংশোধিত বাজেট প্রণয়নের জন্য অনুরোধ জানান।

সভায় উপস্থিত অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান/প্রতিনিধিগণ পরিচালন বাজেটের সংশোধিত প্রস্তাবের উপর তাদের মতামত ব্যক্ত করেন। আলোচনায় দেখা যায় যে, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর সংশোধিত পরিচালন বাজেট প্রস্তাবনায় ব্যয় হ্রাস এবং মৎস্য অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর পরিচালন বাজেট বরাদ্দ অপরিবর্তিত রেখে সংশোধিত বাজেট প্রস্তাব করা হয়েছে।

এ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে উপসচিব (বাজেট), একাদশ জাতীয় সংসদের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১২তম বৈঠকে কাপ্তাই লেকে মাছ শিকার বন্ধ থাকাকালীন অবস্থায় জেলেদের ২০ কেজির স্থলে ৩০ কেজি চাল দেওয়ার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সুপারিশ করায় অতিরিক্ত ৭৫০ মে. টন চাল বেশি বরাদ্দ চাওয়া হয়েছে। চাল ও পরিবহন ব্যয়সহ মোট ৩ কোটি ৫৭ লক্ষ টাকা প্রয়োজন। তাছাড়া সচিবালয়ে নতুন কর্মকর্তা পদায়ন এবং নবনিয়োগকৃত ১৯ জন কর্মচারীর উৎসব ভাতা বৃদ্ধি করা হয়েছে এবং এ মন্ত্রণালয়ের ই-সার্ভিস

প্রকল্পটি ডিসেম্বর/২০২২ সময়ে শেষ হয়েছে বিধায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতে ই-সেবা কার্যক্রম চালুকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের প্রণয়নকৃত সফ্টওয়্যারের জন্য ভেন্ডর প্রতিষ্ঠানে Synesis IT Ltd. JV AKR Technology এর সাথে চুক্তি সম্পাদনের ভিত্তিতে পরিচালন বাজেটে ২১ লক্ষ টাকা অতিরিক্ত দাবী করা হয়েছে।

পরিচালক (বাজেট), প্রাণিসম্পদ অধিদপ্তর জানান যে, জেলা পর্যায়ে ৬৪টি অফিসের জন্য ২০২০-২১ অর্থ বছরে ভ্রমণ ব্যয় উপকোডে বরাদ্দ ছিল ২ কোটি ৫০ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে প্রাপ্ত সিলিং এর মধ্যে সীমাবদ্ধ রেখে প্রস্তাব করা হয়েছিল ২ কোটি ৬০ লক্ষ টাকা। কিন্তু করোনাকালীন সময়ে যৌক্তিকিকরণ সভা না হওয়ায় এ উপকোডে ১.০০ কোটি টাকা কর্তন করে মোট ১ কোটি ৬০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া অর্থ মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী মোট বরাদ্দের ৫০% স্থগিত রাখায় কার্যত এ উপখাতে বরাদ্দ পাওয়া যায় মাত্র ৮০ লক্ষ টাকা যা চাহিদার তুলনায় অপ্রতুল। এ কজে গতিশীলতা বৃদ্ধির জন্য ভ্রমণ ব্যয় খাতে ৪০ লক্ষ টাকা সমন্বয় করার অনুরোধ জানান।

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ভিজিটিং লেকচারারদের সম্মানী বাবদ ৩০ লক্ষ টাকা সমন্বয় করা হয়েছে। তাছাড়া, ২০২২-২৩ অর্থবছরে ০২(দুটি) ব্যাচে তথা ৪৩তম ও ৪৪তম ব্যাচে ক্যাডেট ভর্তি পরীক্ষাসহ ০১ জন তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে বিধায় নিয়োগ পরীক্ষা খাতে ১৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান।

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) বিস্তারিত আলোচনা করেন এবং বলেন যে, ৫টি ডিসিপ্লিনে (Animal and poultry breeding and genetics, Biotechnology, environment and climate resilience, Animal and poultry diseases and health, feeds, fodder and nutrition এবং Socioeconomics and farming system বিষয়ক গবেষণা কার্যক্রম চলমান। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক গবেষণা কর্মশালা ও প্রযুক্তি হস্তান্তর-২০২২ গত ১১-১৪ ডিসেম্বর,২০২২ অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় গবেষণা কার্যক্রম হাতে নেওয়ার পূর্বে যথাযথ মূল্যায়নের জন্য বিষয় ভিত্তিক পরামর্শ (consultation) সভা করার সুপারিশ এসেছে। এমতাবস্তায়, অধিক সংখ্যক স্টেকহোল্ডাদের নিয়ে কর্মশালার আয়োজন ও পরামর্শ সভা কার্যক্রম বাস্তবায়নে সেমিনার ও কনফারেন্স খাতে ৫ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

বিএলআরআইতে গবেষণা ল্যাবগুলোতে বিভিন্ন ক্যামিক্যাল, রিএজেন্ট, টিকা, ভ্যাক্সিন ও গবেষণা নমুনা সংরক্ষণ করার জন্য ভিন্ন ভিন্ন রেফ্রিজারেটর রয়েছে। নমুনা সংরক্ষণ করার জন্য সার্বক্ষণিক বিদ্যুৎ সংযোগ রাখা প্রয়োজন হয়। বরাদ্দকৃত অর্থের ২৫% অর্থ সাশ্রয় করার পর অবশিষ্ট অর্থ দিয়ে বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হবে না বিধায় বকেয়া রয়ে যাবে। সেহেতু এ খাতে বিদ্যুৎ ব্যয় ৪০ লক্ষ টাকা অতিরিক্ত বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর বিভিন্ন অর্থ বছরের হিসাবসমূহ সিএ ফার্ম দ্বারা নিরীক্ষা করার অর্থ বিভাগের নির্দেশনা থাকায় নিরীক্ষা/সমীক্ষা ফি খাতে ১০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

বিএলআরআই এর মহাপরিচালক আরও জানান, অত্র ইনস্টিটিউটে বর্তমানে ১৬ টি ডিজেল চালিত এবং ০৭টি পেট্রোল চালিত সচল যানবাহন রয়েছে। এমতাবস্থায় চলমান গবেষণাসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উল্লেখিত জ্বালানির মূল্য বৃদ্ধির কারণে এই খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ প্রায় ৬ লক্ষ টাকা বৃদ্ধি করা প্রয়োজন।

বর্তমানে বিএলআরআই-এ ১৪টি প্রাণী ও পোল্ট্রি প্রজাতির অন্তত ৭০টির অধিক দেশি ও বিদেশী জাত, সংকরজাত ও স্ট্রেন এর সংরক্ষণ ও উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিএলআরআই এর সদর দপ্তর, সাভার, ঢাকায় যে সকল জার্মপ্লাজম আছে সেগুলো ক্রমান্বয়ে জাত ভিত্তিক রেপ্লিকা তৈরি করায় গবেষণা প্রাণির সংখ্যা বেড়েছে। বর্তমানে প্রাণির খাদ্যের মূল্য অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে বিধায় গবেষণা খাতে খাদ্য ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলে খাদ্য ক্রয়ে ৭৫ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

বিএলআরআই হতে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে কৃষি সেক্টরের প্রাণিসম্পদ সাব-সেক্টরে ৫টি অনঅনুমোদিত উন্নয়ন প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষাকরনের ফরমেট মোতাবেক কনসাল্টিং ফার্মের মাধ্যমে "সম্ভাব্যতা সমীক্ষা" কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজন । উল্লেখ্য যে, বর্ণিত প্রতিটি প্রকল্পই উচ্চ অগ্রাধিকারভুক্ত এবং একটি প্রকল্প সবুজ পাতায় পর্যায়ভুক্ত। প্রস্তাবিত ৩ টি উন্নয়ন প্রকল্পের "সম্ভাব্যতা সমীক্ষা"কার্যক্রম বাস্তবায়নের জন্য নতুন কোড সৃজনসহ সৃজিত কোডে ৩০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন ।

বিএলআরআই এর ২০২০-২০২১ এর পূর্বে সাপোর্ট সার্ভিস বিভাগসহ ৮ টি বিভাগ ও দুটি আঞ্চলিক কেন্দ্রে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হতো । ২০২০-২১ অর্থবছর থেকে বিএলআরআই এর আওতায় আরো ২টি বিভাগ (মহিষ উৎপাদন গবেষণা বিভাগ /ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ) ও তিনটি সেন্টার (পোল্ট্রি গবেষণা কেন্দ্র, ডেইরি গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র, জুনোসিস রোগ নিয়ন্ত্রন ও গবেষণা কেন্দ্র) এবং ৪টি আঞ্চলিক কেন্দ্রে (রাজশাহী, ফরিদপুর, যশোর ও নীলফামারি ) গবেষণা কার্যক্রম শুরু হয়েছে। এমতাবস্তায় চলমান গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল ও জোরদার করতে চলমান অর্থ বছরে গবেষণা খাতে ১ কোটি ২৫ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল বলেন যে, কাউন্সিলের নবনির্মিত ভবনের নিরাপত্তা ব্যবস্থা, পরিস্কার-পরিচ্ছন্নতা, ভেটেরিনারি প্র্যাকটিশনারদের সনদপত্রের নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্তে গোটস্কিন পেপারে মুদ্রণ, নবনির্মিত ৫ তলা ভবণে সাবস্টেশন, ২টি লিফট, স্বয়ংক্রিয় অগ্নি নির্বাপন ব্যবস্থার জরুরী মেরামত এবং নিরাপত্তা প্রহরীর মৃত্যুতে ছুটি নগদায়ন ও আনুতোষিক বাবদ ২০ লক্ষ ৮০ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দ চাওয়া হয়েছে।

উন্নয়ন বাজেট প্রস্তাবনার আলোচনায় অংশ নিয়ে উপসচিব (মনিটরিং-২ শাখা) জনাব মোহাঃ মোজাম্মেল হক সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে ৩১টি প্রকল্প চলমান রয়েছে। পরবর্তীতে মৎস্য অধিদপ্তরের ১টি প্রকল্প অনুমোদিত হওয়ায় ২০২২-২৩ অর্থ বছরের এডিপি-তে প্রকল্প সংখ্যা দাঁড়ায় ৩২টি। ২০২২-২৩ অর্থ বছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে ৮টি প্রকল্প। তন্মধ্যে ডিসেম্বর ২০২২ এ ৩টি প্রকল্প সমাপ্ত হয়েছে। মৎস্য অধিদপ্তরের "পার্বত্য চট্রগ্রাম অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্প ও "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট" এর আওতায় ঠিকাদার কর্তৃক কাজের অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে না থাকায় বিল পরিশোধ করা সম্ভব হবে না বিধায় আরএডিপি-তে বরাদ্দ কমানো হয়েছে। বিএফডিসি'র "কক্সবাজার জেলায় শুটকী প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন" শীর্ষক প্রকল্পের পূর্ত কাজের রেট সিডিউল-২০২২ মোতাবেক প্রাক্কলিত ব্যয় বেড়ে যাওয়ায় দরপত্র আহবানে বিলম্ব হওয়ায় আরএডিপি-তে বরাদ্দ কমানো হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের কয়েকটি প্রকল্পে বিতরণধর্মী কাজ থাকায় অর্থ বছরের বাকী সময়ে সংস্থার প্রস্তাবের ভিত্তিতে বেশি ব্যয় করা সম্ভব হবে বিধায় বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। তবে মন্ত্রণালয়ের মোট উন্নয়ন বরাদ্দের নির্ধারিত সিলিংয়ের মধ্যে সীমাবদ্ধ রয়েছে। উন্নয়ন বাজেট পরিকল্পনা কমিশনের মাধ্যমে চূড়ান্ত করতে হবে বিধায় এ প্রসঙ্গে সভার সভাপতি পরিকল্পনা কমিশনের সহিত নিবিড় যোগাযোগ রক্ষার জন্য পরামর্শ প্রদান করেন।

বিভিন্ন দপ্তর/সংস্থার সংশোধিত বাজেট প্রস্তাবে হ্রাস/বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) নিম্নরূপভাবে অনুমোদনের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন:

**২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন)**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেট (প্রকৃত চাহিদা) | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ |
| সচিবালয় | | | |
| **মোট পরিচালন** | ৫০৪৮৭.৩৫ | ৫১১৪৭.৪৩ | ৬৬০.০৮ |
| জিওবি (উন্নয়ন) | ৩৫৬.০০ | ৩৩৭.০০ | -১৯.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **৩৫৬.০০** | **৩৩৭.০০** | -১৯.০০ |
| জিওবি (উন্নয়ন থোক) | ৯৪৬.০০ | ০.০০ | -৯৪৬.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৯৪৬.০০** | **০.০০** | -৯৪৬.০০ |
| **সর্বমোট উন্নয়ন (জিওবি+পিএ+থোক)** | **১৩০২.০০** | **৩৩৭.০০** | -৯৬৫.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫১৭৮৯.৩৫** | **৫১৪৮৪.৪৩** | -৩০৪.৯২ |
| মৎস্য অধিদপ্তর | | | |
| **মোট পরিচালন** | ৩৪৭৯৯.০০ | ৩৪৭৯৯.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৩৭০৩.০০ | ২০৪৮৪.০০ | -৩২১৯.০০ |
| পিএ (উন্নয়ন) | ৪৬২৬০.০০ | ৩৮১৬২.০০ | -৮০৯৮.০০ |
| **মোট উন্নয়ন** | **৬৯৯৬৩.০০** | **৫৮৬৪৬.০০** | -১১৩১৭.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১০৪৭৬২.০০** | **৯৩৪৪৫.০০** | -১১৩১৭.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | |
| **মোট পরিচালন** | ৭৭২৩২.০০ | ৭৩১৬৩.৭৬ | -৪০৬৮.২৪ |
| জিওবি (উন্নয়ন) | ৫৪৯৮০.০০ | ৬০২৬০.০০ | ৫২৮০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৭০৮০০.০০ | ৬৯৬৩৮.০০ | -১১৬২.০০ |
| **মোট উন্নয়ন** | **১২৫৭৮০.০০** | **১২৯৮৯৮.০০** | ৪১১৮.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **২০৩০১২.০০** | **২০৩০৬১.৭৬** | ৪৯.৭৬ |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | |
| **মোট পরিচালন** | ১১৯৩.৫০ | ১২১১.৫০ | ১৮.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১১৯৩.৫০** | **১২১১.৫০** | ১৮.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | |
| **মোট পরিচালন** | ৫৫২.০০ | ৫৫২.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫৫২.০০** | **৫৫২.০০** | ০.০০ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেট (প্রকৃত চাহিদা) | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|
| | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ |
| **স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | |
| **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট** | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৪০৩১.০০** | **৪৩৫২.০১** | **৩২১.০১** |
| জিওবি (উন্নয়ন) | ৫১০০.০০ | ৪২৮৪.০০ | **-৮১৬.০০** |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | **০.০০** |
| **মোট উন্নয়ন** | **৫১০০.০০** | **৪২৮৪.০০** | **-৮১৬.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৯১৩১.০০** | **৮৬৩৬.০১** | **-৪৯৪.৯৯** |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট** | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৪২৩১.০০** | **৪২৩০.৫০** | **-০.৫০** |
| জিওবি (উন্নয়ন) | ৫০০.০০ | ৫০০.০০ | **০.০০** |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | **০.০০** |
| **মোট উন্নয়ন** | **৫০০.০০** | **৫০০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৪৭৩১.০০** | **৪৭৩০.৫০** | **-০.৫০** |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **১৩৫.০০** | **১৫৫.৮০** | **২০.৮০** |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | **০.০০** |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | **০.০০** |
| **মোট উন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১৩৫.০০** | **১৫৫.৮০** | **২০.৮০** |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ০.০০ | ০.০০ | **০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৫৫০০.০০ | ২৮৭৫.০০ | **-২৬২৫.০০** |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | **০.০০** |
| **মোট উন্নয়ন** | **৫৫০০.০০** | **২৮৭৫.০০** | **-২৬২৫.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫৫০০.০০** | **২৮৭৫.০০** | **-২৬২৫.০০** |
| | | | |
| **সর্বমোট (পরিচালন)** | **১৭২৬৬০.৮৫** | **১৬৯৬১২.০০** | **-৩০৪৮.৮৫** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৯১০৮৫.০০** | **৮৮৭৪০.০০** | **-২৩৪৫.০০** |
| **মোট পিএ (উন্নয়ন)** | **১১৭০৬০.০০** | **১০৭৮০০.০০** | **-৯২৬০.০০** |
| **সর্বমোট উন্নয়ন (জিওবি+পিএ)** | **২০৮১৪৫.০০** | **১৯৬৫৪০.০০** | **-১১৬০৫.০০** |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | **৩৮০৮০৫.৮৫** | **৩৬৬১৫২.০০** | **-১৪৬৫৩.৮৫** |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) ২০২২-২৩ অর্থবছরের জন্য সংশোধিত বাজেটে পরিচালন খাতে ১৬৯৬১২.০০ লক্ষ টাকা এবং উন্নয়ন (জিওবি-৮৮৭৪০.০০ +পিএ- ১০৭৮০০.০০) খাতে ১৯৬৫৪০.০০ লক্ষ টাকা সর্বমোট ৩৬৬১৫২.০০ লক্ষ টাকা অনুমোদন এবং প্রস্তাবনার বিস্তারিত তথ্যাদি অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২) অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশোধিত বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের বিষয়ে পরিকল্পনা কমিশন, সাধারণ অর্থনীতি বিভাগ ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন।

৩) মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটের বিস্তারিত তথ্য/ডাটা ০৯/০১/২০২৩ তারিখের মধ্যে iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০১/২৩

ড. নাহিদ রশীদ
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)।